বিষয় : মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর মার্চ-২০২৫ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. বেগম সামিয়া সুলতানা
মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
তারিখ ও সময় : ২৫ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ সকাল-১০.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট পূর্ববর্তী অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য উপস্থিত সদস্যদের বক্তব্য/মন্তব্য থাকলে তা প্রস্তাব করার অনুরোধ করেন। উপস্থিত সদস্যদের সম্মতিতে বিগত সভার কার্যবিবরণী গৃহীত হয়। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিগত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের শাখাভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচীর ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | | | |
| ২. | **মাননীয় প্রধান উপদেষ্টার প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন** | মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা সুনির্দিষ্টভাবে বাস্তবায়নের জন্য এসআরডিআই কর্তৃক গৃহীত পদক্ষেপের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয়েছে। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সয়েল সার্ভে এ্যান্ড ক্লাসিফিকেশন শাখা |
| ৩. | **ওয়েবসাইট হালনাগাদকরণ** | ওয়েবসাইট-হালনাগাদ এর কার্যক্রম চলমান আছে।<br>ওয়েবসাইট হালনাগাদের কার্যক্রম সুচারুপে পরিচালনা করার জন্য একটি টিম গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ওয়েবসাইট হালনাগাদের কার্যক্রম পরিচালনা করার জন্য একটি টিম গঠনে প্রেমাংশু মজুমদার এসএসও ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন অফিসার, এসআরডিআই, ঢাকা<br>প্রেমাংশু মজুমদার এসএসও<br>আইরিন সুলতানা এসএসও |
| ৪. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম** | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়।<br><br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কমিটি পূনর্গঠন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫. | **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা** | ২০২৪-২৫ অর্থবছরের ২য় প্রান্তিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং ৩য় প্রান্তিকের প্রতিবেদন তৈরির কার্যক্রম চলমান আছে মর্মে সভায় আলোচনা করা হয়।<br>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ক কমিটি পূনর্গঠন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬. | **উপজেলা নির্দেশিকা রিপোর্ট প্রণয়ন** | উপজেলা নির্দেশিকা রিপোর্ট মুদ্রণ এবং মুদ্রণের বাজেট বিভাগীয় কার্যালয় গুলোতে বন্টন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক ফিল্ড সার্ভিসেস উইং<br><br>জরিপকারী কর্মকর্তা<br><br>নির্দেশিকা সেল |



BSultana

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সংক্রান্ত দলিল** | টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর অগ্রগতির প্রতিবেদনসহ অন্যান্য প্রতিবেদন সমূহ মন্ত্রণালয়ে নির্ধারিত সময়ে প্রেরণ করা হয় মর্মে সভায় আলোচনা করা হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক<br>এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮. | **সিটিজেন চার্টার** | সিটিজেন চার্টার হালনাগাদকরণের অগ্রগতি বিষয়ক অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয় । | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটিজেন চার্টার সংক্রান্ত কমিটি |
| ৯, | **(ক) সংস্কার কর্মপরিকল্পনা** | সংস্কার কর্মপরিকল্পনা বিষয়ক কমিটি পুনর্গঠন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক<br>প্ল্যানিং সেল<br>ডেল্টা প্লান বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১০. | **অবসরোত্তর সুবিধাদি** | অত্র ইনস্টিটিউট-এর অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারিদের অবসরে যাবার ২ মাস পূর্বে বিধি মোতাবেক নিস্পত্তিকরণের বিষয়ে আলোচনা হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | কল্যাণ কর্মকর্তা<br>হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১১. | **শূন্য পদে লোক নিয়োগ** | এসআরডিআই-এর ৯ ক্যাটাগরির ১২৩টি শূন্য পদে লোক নিয়োগ প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে।<br>এসআরডিআই-এর ৯ ক্যাটাগরির ১২৩টি পদে যে সকল নতুন নিয়োগপ্রাপ্তরা যোগদান করেননি তাদের পরিবর্তে মেধাক্রম অনুসরণপূর্বক অপেক্ষমান তালিকা হতে পরবর্তী প্রার্থীগণকে আগামী ১৫ এপ্রিল, ২০২৫ এর মধ্যে নিয়োগ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>নতুন ৪৯টি শূন্য পদের ছাড়পত্র পাওয়া গেছে মর্মে সভায় আলোচনা করা হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>আগামী ১৫ এপ্রিল, ২০২৫ এর মধ্যে অপেক্ষমান তালিকা হতে পরবর্তী প্রার্থীগণকে আগামী ১৫ এপ্রিল, ২০২৫ এর মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক সংশ্লিষ্ট কমিটি<br>সহকারী পরিচালক<br>হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১২. | **দপ্তর/সংস্থার ডি-নথি কার্যক্রম** | এসআরডিআই-এর প্রত্যেক শাখায় ডি-নথি আইডি চালু আছে। ডি-নথির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয় । | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>আগামী ১৫ এপ্রিল, ২০২৫ মধ্যে ১৪ টি বিভাগীয় কার্যালয়/গবেষণাগার ও ২টি গবেষণাকেন্দ্র এবং প্রধান কার্যালয়ের সকল দপ্তর/শাখাকে সংযুক্ত করে প্রশিক্ষণ শাখা ডি-নথির প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক ফিল্ড সার্ভিসেস উইং/ অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br>সিএসও-ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন<br>ইনোভেশন অফিসার |
| ১৩. | **তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা** | তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা কার্যক্রমটি অব্যাহত রয়েছে।<br>কর্মকর্তার বদলি/পদায়ন জনিত করণে তথ্য অধিকার কর্মকর্তা পরিবর্তনের বিষয়ে আলোচনা করা হয়।<br>তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা বিষয় কর্মকর্তা পরিবর্তনে বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তথ্য অধিকার কর্মকর্তা পরিবর্তনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য অধিকার কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩.১ | **মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর রাজস্ব/প্রকল্প এর বার্ষিক ক্রয় পরিকল্পনা** | বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>ইজিপি-র মাধ্যমে ক্রয় প্রক্রিয়া চলমান আছে মর্মে সভায় জানানো হয়। | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ক্রয় প্রক্রিয়া ১৫ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালকগণ<br><br>কর্মসূচী পরিচালকগণ<br><br>স্টোর শাখা |
| ১৩.২ | **(ক) যন্ত্রপাতি, গ্লাসওয়্যার ও ক্যামিক্যালস ক্রয়**<br><br>**(খ) যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ**<br><br>**(গ) আসবাবপত্র ক্রয়** | ক্যামিক্যাল ক্রয়ের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা নিরসনের সংশ্লিষ্ট গবেষণাগারসমূহে ২২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>প্রধান কার্যালয়ের সকল শাখার ক্রটিপূর্ণ কম্পিউটার, প্রিন্টার ও ফটোকপি মেশিন মেরামতের জন্য স্টোর শাখায় জমা দেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>কার্যক্রমটি চলমান আছে মর্মে সভায় জানানো হয়। | মালামাল ক্রয়ের সাথে সংশ্লিষ্ট কমিটিসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক ফিল্ড/ এ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং।<br><br>প্রকল্প পরিচালকগণ<br><br>কর্মসূচী পরিচালকগণ<br><br>স্টোর শাখা<br><br>হিসাব শাখা |
| ১৩.৩ | TO&E | পুরাতন ভবনের লিফট অকেজো ঘোষণা সম্পর্কিতি প্রতিবেদন জমা দেওয়া হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | TO&E বিষয়ক কমিটি |
| ১৪. | **কোভিড-১৯ সংক্রান্ত আদেশসমূহ /ডেঙ্গু সংক্রান্ত** | কোভিড-১৯ সংক্রান্ত আদেশসমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে।<br>ডেঙ্গুর প্রকোপ বেশী হওয়ায় এ বিষয়ে বিভিন্ন ট্রেনিং-এ সচেতনা বিষয়টি আলোচনা করা হয়। | পরবর্তীতে কোভিড-১৯ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত সকল আদেশ ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ডেঙ্গুর প্রকোপ থেকে সুরক্ষার জন্য অফিস ভবন বিশেষ করে ড্রেন/নালা পরিস্কার রাখা এবং মশকরোধী স্প্রে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন অফিসার<br><br>সহকারী পরিচালক |
| ১৫. | নিলাম বিক্রয় | অকেজো গাড়ীর নিলাম সম্পন্ন হয়েছে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সাপেক্ষে গাড়ী হস্তান্তর সম্পন্ন করা হয়েছে।<br><br>অকেজো যন্ত্রপাতি নিলামের জন্য প্রস্তুতকৃত তালিকা কারিগরী কমিটির নিকট প্রেরণের জন্য প্রক্রিয়াধীন আছে। এ বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী জনাব শফিউল আলম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>এসআরডিআই-এর বর্তমানে ব্যবহৃত লিফটি সচল অবস্থায় নিলাম প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>এসআরডিআই, আঞ্চলিক কার্যালয়/গবেষণাগার জামালপুর, নোয়াখালী ও যশোর-এর অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কার্যক্রমটি সম্পন্ন হয়েছে।<br><br>উপসহকারী প্রকৌশলী (ইসস্ট্রুমেন্ট) জনাব মোঃ আব্দুল কুদ্দুস রংপুর এবং রাজশাহী গবেষণাগারের কাজ শেষ অকেজো যন্ত্রপাতি নিলামের জন্য তালিকা দ্রুত সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এসআরডিআই-এর বর্তমানে ব্যবহৃত লিফট নিলাম প্রক্রিয়ায় অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের প্রক্রিয়াটি দ্রুত সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এসআরডিআই, আঞ্চলিক কার্যালয়, জামালপুর-এর অকেজো গাড়ী নিলামে বিক্রয়ের বিষয়ে স্টোর অফিসার পত্র প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টোর শাখা<br><br>সংশ্লিষ্ট কমিটি |

BSultana

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | **ফাউন্ডেশন ট্রেনিং, বৈদেশিক ট্রেনিং, উচ্চ শিক্ষা সংক্রান্ত, বিভাগীয় প্রশিক্ষণ** | কর্মকর্তাদের বিভাগীয় এবং ফাউন্ডেশন ট্রেনিংসহ সময়পোযোগী প্রশিক্ষণ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | কার্যক্রমটি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন |
| ১৭. | **শ্রান্তি বিনোদন ছুটি/মাতৃত্বকালীন ছুটি** | আবেদনের প্রেক্ষিতে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা/ কর্মচারিদের শ্রান্তি বিনোদন ছুটি/মাতৃত্বকালীন ছুটি প্রদানের আবেদনের ভিত্তিতে উক্ত ছুটি নিষ্পত্তিকরণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক |
| ১৮. | **মাসিক প্রতিবেদন** | মাসিক প্রতিবেদন যথাযথভাবে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>নন-ট্যাক্স রেভিনিউ এর জন্য মাটি পরীক্ষার ফি বাড়ানোর বিষয়ে সভার আলোচনা করা হয়।<br>এছাড়াও প্রাধিকারভুক্ত গাড়ী ব্যবহারকারীদের নিকট হতে ফি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | মাসিক প্রতিবেদন কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>নন-ট্যাক্স রেভিনিউ আয়ের রিপোর্ট চালানের কপিসহ মাসিক প্রতিবেদনের সাথে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সার্ভিসেস উইং<br>অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br>সহকারী পরিচালক |
| ১৯. | **ওয়ার্কশপ/সেমিনার** | সিটিজেন চার্টার বিষয়ক একটি কর্মশালা সেমিনার জানুয়ারি, ২০২৫-এ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিটিজেন চার্টার বিষয়ক একটি কর্মশালা সেমিনার আগামী ১৫ জানুয়ারি, ২০২৫-এ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ট্রেনিং অ্যান্ড কমুনিকেশন ডিভিশন |
| ২০. | **বেতার কথিকা** | পাবলিকেশন এন্ড লিয়াজোঁ অফিসার বেতার কথিকার বিষয় শিরোনাম প্রেরণের জন্য পত্র প্রস্তুত করে সংশ্লিষ্টদের অবহিত করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | কোন কর্মকর্তা কি বিষয়ে বেতার কথিকায় অংশগ্রহণ করতে চান সে বিষয়ে শিরোনাম চেয়ে কর্মকর্তাদের পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পাবলিকেশন এন্ড লিয়াজোঁ অফিসার |
| ২১. | **কৃষি মেলা/উন্নয়ন মেলা** | সময়ে সময়ে মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কৃষি মেলা/উন্নয়ন মেলায় অংশগ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরে কৃষি মেলা/উন্নয়ন মেলায় অংশগ্রহণের জন্য বাজেট প্রস্তাবনার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক ফিল্ড সার্ভিসেস উইং ও পরিচালক অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং |
| ২২. | **বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়** | ২০% বিদ্যুৎ ও ২০% জ্বালানী সাশ্রয়ের বিষয়ে এসআরডিআই-এর বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী কমিটিকে গুরুত্বের সাথে মনিটরিং- করার বিষয়ে আলোচনা হয় । বর্তমানে বিদ্যুৎ ব্যবহার বৃদ্ধি পেয়েছে মর্মে সভায় জানানো হয়<br>বিদ্যুৎ সাশ্রয়ী ও এসআরডিআই-এর চলমান লিফট-টি দীর্ঘ মেয়াদি স্বচল রাখার নিমিত্ত দুপুর-২.০০ হতে ২.৪৫ মিনিট পর্যন্ত ৪৫ মিনিট লিফট বন্ধ রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br>এয়ার কন্ডিশনার ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে মিতব্যয়ী হওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আগামীতে ২০% বিদ্যুৎ ও ২০% জ্বালানী সাশ্রয়ের বিষয়ে গৃহীত কার্যক্রম অব্যাহত থাকবে।<br>এসআরডিআই-এর চলমান লিফট-টি দুপুর-২.০০ হতে ২.৪৫ মিনিট পর্যন্ত ৪৫ মিনিট লিফট বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এয়ার কন্ডিশনার ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সচেতনতা অবলম্বন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী কমিটি |

BSultana

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | **বিবিধ** | ১। কেন্দ্রীয় গবেষণাগারের সকল কর্মকর্তাকে গবেষণাগারের সকল শাখায় কাজ করার বিষয়ে আলোচনা করা হয়। | কেন্দ্রীয় গবেষণাগারের সকল কর্মকর্তাকে গবেষণাগারের সকল শাখায় কাজ করার বিষয়ে পত্রের মাধ্যমে জানানো সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক এবং বিষয় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| | | ২। বিশ্লেষণ সেবা মূল্য পূর্ণনির্ধারণের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>বিশ্লেষণ সেবা মূল্য পুনর্নির্ধারণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে যাচাইপূর্বক যুক্তিযোগ্য তথ্য মহাপরিচালক বরাবর প্রেরণের আলোচনা করা হয়।<br>**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**<br>১। পরিচালক, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br>২। সিএসও- সয়েল সার্ভে অ্যান্ড ল্যান্ড ম্যানেজমেন্ট ডিভিশন<br>৩। সিএসও-বিভাগীয় গবেষণাগার, ঢাকা।<br>৪। সিএসও-বিভাগীয় গবেষণাগার, খুলনা।<br>৫। সিএসও- কেন্দ্রীয় গবেষণাগার, ঢাকা। | বিশ্লেষণ সেবা মূল্যের যৌক্তিক বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিশ্লেষণ সেবা মূল্য পুনর্নির্ধারণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে যাচাইপূর্বক যুক্তিযোগ্য তথ্য মহাপরিচালক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**<br>১। পরিচালক, অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং<br>২। সিএসও- সয়েল সার্ভে অ্যান্ড ল্যান্ড ম্যানেজমেন্ট ডিভিশন<br>৩। সিএসও-বিভাগীয় গবেষণাগার, ঢাকা।<br>৪। সিএসও-বিভাগীয় গবেষণাগার, খুলনা।<br>৫। সিএসও- কেন্দ্রীয় গবেষণাগার, ঢাকা। | |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. বেগম সামিয়া সুলতানা)
মহাপরিচালক
ফোন : ০২-৪১০২৫০৪১
E-mail: dg@srdi.gov.bd